



বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়, ঢাকা

হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট-১

Phone : 9553637

web: www.krishibank.org.bd

dgmpd1@krishibank.org.bd

নং-প্রকা/এইচআরএমডি-১/বিবিধ-৩১(৫)/২০১৭-২০১৮/ ৬২৩০

তারিখ : ১৩.১২.২০১৭খ্রিঃ

সকল কর্মকর্তা/কর্মচারী
বাংলাদেশ কৃষি ব্যাংক

বিষয় : মানবিক সাহায্যের আবেদন।

প্রিয় মহোদয়,


উপর্যুক্ত বিষয়ে বাংলাদেশ কৃষি ব্যাংক, দুধমাথা বাজার শাখা, ফেনী এর পরিদর্শক জনাব কবির আহাম্মদ এর স্ত্রী মিসেস সায়েরা কবির (খুকী) বিকেবি, মুখ্য আঞ্চলিক কার্যালয়, ফেনী এর মাধ্যমে মাননীয় ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের বরাবরে মানবিক সাহায্যের জন্য একটি আবেদন করেছেন।

০২। উক্ত আবেদন পর্যালোচনায় দেখা যায়, আবেদনকারীর স্বামী বিকেবি, দুধমাথা বাজার শাখা, ফেনী এর পরিদর্শক জনাব কবির আহাম্মদ হার্টের অসুস্থতার কারণে ঢাকাস্থ ইব্রাহিম কার্ডিয়াক সেন্টারে ভর্তি হলে সেখানে জরুরী ভিত্তিতে তার ওপেন হার্ট সার্জারী করে হার্টের জিদ্র বন্ধ করা হয় এবং রকে রিং পড়ানো হয়। চিকিৎসাধীন অবস্থাতেই তার কিডনি ও ফুসফুসে সমস্যা দেখা দেয়ার বর্তমানে তিনি ইব্রাহিম কার্ডিয়াক সেন্টারের আইসিইউতে চিকিৎসাধীন আছেন। চিকিৎসা ও আনুষঙ্গিক খরচ বাবদ আনুমানিক ৮,০০,০০০/- (আট লক্ষ) টাকা ব্যয় হতে পারে। আবেদনকারীর স্বামী একজন শুল্ক বেতনভুক্ত কর্মচারী, পরিবারের আর্থিক অবস্থা মোটেই স্বচ্ছল নয়, তাদের দুই মেয়ে ও দুই ছেলে স্কুল পড়ুয়া এবং পরিবারে অন্য কোন উপার্জনক্ষম ব্যক্তি নেই। তিনি বাংলাদেশ কৃষি ব্যাংক পরিবারের একজন সদস্য হিসেবে স্বামীর চিকিৎসার জন্য মানবিক সাহায্যের আবেদন করেছেন।

০৩। এমতাবস্থায়, মানবিক কারণে জনাব কবির আহাম্মদ এর চিকিৎসার ব্যয় নির্বাহের জন্য বাংলাদেশ কৃষি ব্যাংক, ফেনী শাখা, ফেনী এ পরিচালিত আবেদনকারী মিসেস সায়েরা কবির (খুকী) এর সঞ্চয়ী হিসাব নং-২৭০১-০৩১০১৩৭৯৩ তে ১ (এক) দিনের লাঞ্চ ভাতা অথবা যার যা সাধ্যমত আর্থিক সাহায্য প্রেরণের জন্য বাংলাদেশ কৃষি ব্যাংকের সকল স্তরের কর্মকর্তা/কর্মচারীদেরকে অনুরোধ করা হলো।

অনুমোদনক্রমে,

আপনার বিশ্বস্ত,


১৩/১২/২০১৭


(মোঃ জাহির ইকবাল)
উপ-মহাব্যবস্থাপক
(অতিরিক্ত দায়িত্বে)

নং-প্রকা/এইচআরএমডি-১/বিবিধ-৩১(৫)/২০১৭-২০১৮/ ৬২৩০ (৩২-৬০)

তারিখঃ ১৩.১২.২০১৭খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

০১. চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০২. স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক-১/২/৩ মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩. স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৪. সকল উপ-মহাব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
০৫. উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা (মানবিক সাহায্য সংক্রান্ত পত্রখানা ব্যাংকের অফিসিয়াল ওয়েবসাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
০৬. সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৭. উপ-মহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৮. সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৯. সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
১০. সকল শাখা ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক।
১১. নথি/অফিস নথি।


১৩/১২/১৭
(খালেদুজ্জামান ইয়ামিন)
উর্দভন মুখ্য কর্মকর্তা